



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd



বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র উপবৃত্তি শাখা পরিদর্শনের প্রতিবেদন।

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক অদ্য ২৮ মার্চ ২০২১ খ্রি. তারিখ সকাল ১০.৩০ থেকে ১১.৩০ ঘটিকা পর্যন্ত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র উপবৃত্তি শাখা (কক্ষ নম্বর ২০৪) পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে শাখায় কর্মরত জনাব সুরভী ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং অফিস সহায়ক জনাব মো: আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।

২। উপবৃত্তি শাখা নিম্নবর্ণিত দায়িত্ব পালন করে থাকে :

(ক) উপবৃত্তি শাখা সারাদেশের স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান এবং দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান সংশ্লিষ্ট দায়িত্ব পালন ;

(খ) উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী, ভর্তি সহায়তা এবং চিকিৎসা সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা;

(গ) উপবৃত্তি প্রদান, ভর্তি সহায়তা প্রদান এবং চিকিৎসা সহায়তা প্রদানের জন্য কর্তৃপক্ষের নির্দেশ মতো গঠিত কমিটির সভা আহ্বান, সুপারিশ প্রণয়ন এবং কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা ;


(ঘ) উপবৃত্তি, আর্থিক সহায়তা এবং আর্থিক অনুদান প্রদানের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের (যথা: অগ্রণী ব্যাংক, বিকাশ, রকেট, সিনেসিস আইটি ইত্যাদি) সাথে দাপ্তরিক যোগাযোগসহ তথ্য আদান-প্রদানের দায়িত্ব পালন করা ; এবং

(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্বাদি পালন।

(চ) উপবৃত্তি শাখা পরিদর্শনপূর্বক প্রাপ্য তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো করা হলো :

ক্রম:	বিষয়	বিতরণ	মন্তব্য
১.	রেজিস্টার সংক্রান্ত তথ্য	এ শাখায় ১টি ইস্যু রেজিস্টার (পত্র জারি নিবন্ধন বহি) এবং ০১টি মুভমেন্ট রেজিস্টার (গতিবিধি নিবন্ধন বহি) আছে।	শাখায় ০১টি নথি রেজিস্টার (নথি নিবন্ধন বহি) এবং ০১টি ডাক রেজিস্টার (শাখা ডায়েরি নিবন্ধন বহি) জরুরি ভিত্তিতে চালু করা প্রয়োজন।
২.	হাজিরা খাতা	কর্মচারীদের জন্য শাখায় ০১টি হাজিরা খাতা রয়েছে।	ডিজিটাল হাজিরা শুরু হওয়ার পূর্ব পর্যন্ত এটি চলমান ছিলো।
৩.	হার্ড নথির তথ্য	এ শাখার কার্য সম্পাদনের জন্য ১১টি চলমান হার্ড নথি রয়েছে।	ই-ফাইল কার্যক্রম সম্পন্ন হওয়ার পরে তা হার্ড নথিতে সংরক্ষণ করে রাখা হচ্ছে।
৪.	ই-নথি কার্যক্রম	উপবৃত্তি শাখায় ই-নথিতে ৩২টি নথি রয়েছে।	শাখার কার্যক্রম ৮০% ই-নথিতে নিষ্পন্ন হচ্ছে, এ ধারাবাহিকতা বজায় রাখতে হবে।
৫.	কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতি	০২টি কম্পিউটার, ০১টি প্রিন্টার ও ০১টি স্ক্যানার রয়েছে।	এ শাখার জন্য ০১টি ভালো মানের কম্পিউটার, ০১টি ভালোমানের প্রিন্টার এবং ০১টি লিগ্যাল পেপার স্ক্যানার প্রয়োজন।
৬.	টেলিফোন সংক্রান্ত	০১টি টেলিফোন ও ০১টি ইন্টারকম রয়েছে।	টেলিফোন নম্বর ০২-৫৫০০০৪২৮ এবং ইন্টারকম নম্বর ১০৬।
৭.	আসবাবপত্র সংক্রান্ত	০২টি আলমিরা, ০২টি টেবিল, ০১টি ফাইল কেবিনেট, ০১টি ফাইল র্যাক, ০২টি কম্পিউটার টেবিল, ০৪টি কুশন চেয়ার, ০১টি কাঠের চেয়ার, ০২টি ফ্যান, ০১টি ফ্রিজ ও ০১টি দেয়াল ঘড়ি রয়েছে।	শাখার জন্য একটি ফাইল কেবিনেট প্রয়োজন।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র উপবৃত্তি শাখার সার্বিক কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল (NIC) কর্মপরিকল্পনা কার্যক্রম ৮.৩ অনুযায়ী উপবৃত্তি শাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ প্রয়োজনীয় কার্যার্থে/বাস্তবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষকে সদয় অবহিত করা হ'ল।


(কাজী হাসিবুদ্দীন আহমেদ)

সহকারী পরিচালক (উপবৃত্তি)

ফোন: ০২-৫৫০০০৪২৮

ব্যবস্থাপনা পরিচালক

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

ধানমন্ডি, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

২। উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৩। সহকারী পরিচালক (প. ও উ.), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৪। সিনিয়র সহকারী সচিব (অ.দা:), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

৫। সংরক্ষণ নথি।